

## ■■ জাল হাদীছের কবলে রাসূলুল্লাহ (ছাঃ)-এর ছালাত

বিভাগ/অধ্যায়ঃ আযান ও ইক্কামত রচয়িতা/সঙ্কলকঃ মুযাফফর বিন মুহসিন

- (৪) 'আশহাদু আন্না মুহাম্মাদার রাসূলুল্লাহ্'-এর জবাবে 'ছাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লাম' বলা
- (৪) 'আশহাদু আয়া মুহাম্মাদার রাসূলুল্লাহ্'-এর জবাবে 'ছাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লাম' বলা : রাসূল (ছাঃ) নির্দেশ করেছেন যে, মুয়াযযিন যা বলবেন, উত্তরে তাই বলতে হবে। শুধু 'হায়ৢইয়া আলাছ ছালাহ' ও 'হায়ৢইয়া আলাল ফালাহ' ব্যতীত।[1] তাই আযান ও ইকামতের সময় 'আশহাদু আয়া মুহাম্মাদার রাসূলুল্লাহ্'-এর জবাবে 'ছাল্লাল্লাছ্ আলাইহি ওয়া সাল্লাম' বলা যাবে না। বরং 'আশহাদু আয়া মুহাম্মাদার রাসূলুল্লাহ্'-ই বলতে হবে। তবে অন্য সময়ে রাসূল (ছাঃ)-এর নাম শুনলে বা পড়লে সংক্ষিপ্ত দর্মদ হিসাবে 'ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম' বলবে।[2]

## ফুটনোট

- [1]. বুখারী হা/৬১১, (ইফাবা হা/৫৮৪, ২/৪৫ পৃঃ); মুসলিম হা/৮৭৬; মিশকাত হা/৬৫৮; সিলসিলা ছহীহাহ হা/২০৭৫।
- [2]. তিরমিয়ী হা/৩৫৪৫ ও ৩৫৪৬; মিশকাত হা/৯২৭ ও ৯৩৩, পৃঃ ৮৭ সনদ ছহীহ; বঙ্গানুবাদ মিশকাত হা/৮৬৬, ২/৩১২ পৃঃ ও হা/৮৭২, ২/৩১৪ পৃঃ; মুস্তাদরাক হাকেম হা/৭২৫৬, সনদ ছহীহ; ছহীহ তারগীব হা/৯৯৫।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1875

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন